JAN 23 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ১ ...

# বেসরকারী স্কুল নিবন্ধকরণ বিল পাস

**ইত্তেফাক রিপোর্ট** ॥ জাতীয় সংসদে গত রবিবার বেসরকারী স্কুল নিবন্ধকরণ সংশোধন বিল ২০০১ পাস হইয়াছে। শিক্ষামন্ত্রী এএসকে সাদেক স্থায়ী কমিটির সুপারিশসহ বিলটি উত্থাপন করিলে পাস করা হয়। বিলটির উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতিতে বলা হইয়াছে ৩৮ বৎসর আগে প্রণীত বেসরকারী স্কুল নিবন্ধকরণ অর্ডিন্যান্স বর্তমান সময়ের চাহিদা পূরণে অপর্যাপ্ত বলিয়া (১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বেসরকারী স্কুল

(৩য় পৃঃ পর)

প্রতীয়মান হওয়ায় চলমান বিশ্বের সহিত তাল মিলাইয়া সময়ের চাহিদা পূরণে যুগোপযোগী শিক্ষার প্রসারকল্পে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রতিষ্ঠার জন্য এই বিল আনা হইয়াছে। এই বিলে আইনের ৯ ধারায় বর্ণিত জরিমানার অংক ১ হাজার টাকা হইতে বৃদ্ধি করিয়া ১০ হাজার টাকা করা হইয়াছে। আগের আইনে শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় উল্লেখ থাকিলেও বর্তমানে প্রচলিত ও লেবেল এবং এ লেবেল সার্টিফিকেট প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের কথা উল্লেখ নাই। বর্তমান সংশোধনীতে তাহা অন্তর্ভুক্ত করা হইয়াছে। বর্তমানে নার্সারী শ্রেণীর পূর্বে চাইল্ড কেয়ার, ডে কেয়ার ও মাদার কেয়ার নামে বিভিন্ন প্রতিষ্ঠানে শিশুদের পরিচর্যা ও শিক্ষার প্রাথমিক ধারণা দেওয়া হয়। তাই এই ধরনের প্রতিষ্ঠানসমূহকে নার্সারীর সংজ্ঞায় অন্তর্ভুক্ত করিয়া তাহা সংশোধন করা হইয়াছে। আগের আইনে ৬০ দিনের মধ্যে স্কুলের রেজিস্ট্রেশন সংক্রান্ত সার্টিফিকেট প্রদান অথবা প্রত্যাখ্যানের কথা বলা হইয়াছে। বর্তমান সংশোধনীতে ৬০ দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি না করিয়া স্কুল পরিদর্শন করিয়া রেজিস্ট্রেশনের লক্ষ্যে একটি নির্দিষ্ট সময়সীমায় আরোপিত শর্ত পূরণের ব্যবস্থা করা সাপেক্ষে একটি অন্তর্বর্তী অনুমোদনের ব্যবস্থা নেওয়া হইয়াছে।